



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-I Examination, 2019

বাংলা-দ্বিতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। যে-কোনো একটি বাংলা আঞ্চলিক উপন্যাসের পরিচয় দাও। ৪+৬+১০

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

- (ক) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? একটি সার্থক বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাসের পরিচয় দাও। ৫+৫
- (খ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০
- (গ) সংজ্ঞাসহ সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্য নিরূপণ করো এবং একটি সার্থক বাংলা সামাজিক উপন্যাস সম্পর্কে তোমার মতামত দাও। ১০
- (ঘ) রোমান্স কাকে বলে? তার লক্ষণগুলি একটি বাংলা রোমান্সজাতীয় রচনার সাহায্যে বুঝিয়ে দাও। ৫+৫

২।(ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক কে? — যুক্তিসহ আলোচনা করো। ১৫

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসে অতিপ্রাকৃতের উপস্থাপনা, চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা করো। ১৫

- (খ) “অমিত-লাবণ্যের প্রণয়পর্ব উন্মেষের স্তরে যোগমায়া ছিলেন অত্যন্ত প্রয়োজনীয় এক মানুষ।”
— এই উক্তির আলোকে 'শেষের কবিতা' উপন্যাসের যোগমায়া চরিত্রের গুরুত্ব বিচার করো। ১৫

অথবা

'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথের যে বিশিষ্ট প্রেমভাবনা প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো। ১৫

- (গ) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাসটি কোন্ শ্রেণির উপন্যাস তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৫

অথবা

'শ্রীকান্ত' উপন্যাসে ইন্দ্রনাথ চরিত্রটির স্বাভাবিক নির্ণয় করো। ১৫

(ঘ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে বনওয়ারী চরিত্রের গুরুত্ব কতখানি তা বিচার করো। ১৫

৩।(ক) “আমি থাকিলে, শৈবলিনীর চিত্ত, কখন না কখন বিচলিত হইবার সম্ভাবনা। অতএব আমি চলিলাম।” – কে, কাকে, কখন একথা বলেছে? বক্তার চরিত্রের কোন্ বিশেষত্ব এখানে প্রকাশিত হয়েছে?

অথবা

“অনর্থক কলঙ্ক কিনিলাম, জাতি হারাইলাম, পরকাল নষ্ট করিলাম।” – কে একথা ভেবেছে? কেন ভেবেছে? ১+৪

(খ) “শেষে সমস্তটা বাল্যবিবাহ হয়ে না দাঁড়ায়” – কে কাকে এই কথা বলেছেন? এই উক্তির আলোকে বক্তার দূরদর্শিতার পরিচয় দাও। ২+৩

অথবা

“এনামেল করা মুখের উপর দিয়ে দরদর করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।” – প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

(গ) “কিন্তু এতবড় একটা মহাপ্রাণ আজ পর্যন্ত তুমিই বা কয়টা দিতে পারিলে।” – কাকে কেন ‘মহাপ্রাণ’ বলা হয়েছে, আলোচনা করো। ১+৪

অথবা

“কি নিষ্ঠুর এই পুরুষ মানুষ জাতটা” – বক্তা কে? বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(ঘ) “কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে” – প্রসঙ্গ উল্লেখ করে এর তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

অথবা

“মুরুব্বি কত্তার পুজেটা সব আমাকে দিয়ো গো” – কে বলেছে? ‘মুরুব্বি’ কে? উক্তিটি অবলম্বনে এখানে বক্তা-চরিত্রের বিশেষ মানসিকতাটি নির্ধারণ করো। ১+১+৩

—X—